

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৫১০০.০০০.১৪.০৪৭.১৫. ৪৯৯

তারিখ: ১৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
২২ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৬-২০১৭ অর্থ বছরে লক্ষ্মীপুর জেলা পরিষদের আরএডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।

সূত্র: লক্ষ্মীপুর জেলা পরিষদের স্মারক নং-৪৬.০০.৫১০০.০১.০২.২০১৫-১১৬, তারিখ: ২২/২/২০১৮।


২০১৬-২০১৭ অর্থ বছরে লক্ষ্মীপুর জেলা পরিষদের আরএডিপি বরাদ্দের আওতায় ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকায় গৃহীত ১২টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৩ ও ১২ এ বর্ণিত প্রকল্প ২টি ব্যতীত ১৩,০০,০০০/- (তের লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১০টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ:

- ১) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৪) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পস্থানে জেলা পরিষদ, লক্ষ্মীপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৩, ১২ এ গৃহীত প্রকল্প ২টি লক্ষ্মীপুর সদর উপজেলাধীন এন এস আই এর কার্যালয় এবং সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ উন্নয়ন সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


২২/০৩/১৮

(আনজুমান আরা)

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লক্ষ্মীপুর

অনুলিপি:

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।